

তুচ্ছ ঘটনায় ছাত্রদলের দুই গ্রুপে দফায় দফায় মারপিটে আহত ৪ ৫ জনকে সংগঠন থেকে বহিষ্কার

বিশ্ববিদ্যালয় প্রতিবেদক : তুচ্ছ ঘটনায় গতকাল রোববার ঢাকা বিশ্ববিদ্যালয়ে ছাত্রদলের দুই গ্রুপের মধ্যে দফায় দফায় সংঘর্ষে উভয় গ্রুপের ৪ জন নেতা-কর্মী আহত হয়েছেন। এই ঘটনায় ঢাকা বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রদল থেকে ৫ জনকে বহিষ্কার করা হয়েছে।

ক্যাম্পাস সূত্রে জানা গেছে, গতকাল বেলা সাড়ে ১১টার দিকে ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় লাইব্রেরিতে চেয়ারে বসাকে বেত্র করে সংঘর্ষের সূত্রপাত হয়। রসবন্ধু হলের পরে ঢাবি শাখা ছাত্রদলের সভাপতি আলিমুল ইসলাম খান আলিম সমর্থক গ্রুপের লিটন ও

মুহসীন হলে অবস্থানরত ছাত্রদল কেন্দ্রীয় কমিটির সাংগঠনিক সম্পাদক শফিউল হক বাবু ও সহসাধারণ সম্পাদক আসাদুল্লাহ আল-আসাদ সমর্থক গ্রুপের জীবনের মধ্যে চেয়ারে বসা নিয়ে কণা কাটাকাটি এক পর্যায়ে তা সংঘর্ষে রূপ নেয়।

জান্ন গেছে, লিটন একটি চেয়ারে বসে পড়াশোনার ফাঁকে নিচে ঘুরতে গেলে জীবন সোটিতে বসে পড়ালেখা করতে থাকে। লিটন সিটে এসে জীবনকে চার্জ করে সে কেন তার চেয়ারে বসেছে। এই নিয়ে দুজনের মধ্যে কণাকটাকাটি ও হাত-হাতি

● এরপর-পৃষ্ঠা ২ কলাম ৫

ছাত্রদলের দুই গ্রুপে

● শগুন পাতের পর

হয়। পরে জীবন নিচে নেমে হলে থেকে কয়েকজন ক্যাডার ডেকে নিয়ে এসে পুনরায় লিটনকে মারধর করে। মারধরের সময় থাকা লেগে লাইব্রেরির দরজার একটি কাচ ভেঙে গেলে ক্যাডাররা তা নিয়ে লিটনকে আঘাত করে। এতে তার মাথা চেটে যায়। ঘটনার পর ঢাকা বিশ্ববিদ্যালয় ছাত্রদলের সংসদপতি শহীদুল ইসলাম এবং অপর ২ কর্মী মনি আলমগীর ও সাগর লিটনকে ঢাকা মেডিকেল কলেজে নিয়ে যায়। তার মাথায় ৩টি সেলাই দেওয়া হয়েছে বলে জানা গেছে।

পরবর্তী সময়ে বাবু ও আসাদ সমর্থিত গ্রুপের ক্যাডার জীবন, পাইলট, ফুরাক ও শান্তনু নেতৃত্বে ১০/১২ জনের একটি দল মুহসীন হলে ছাত্রদল সভাপতি মেজবাব নির্দেশে ঢাকা মেডিকেল কলেজে গিয়ে অসম সমর্থক গ্রুপের মনি আলমগীর ও সাগরকে মারধর করে।

এই খবর ক্যাম্পাসে পৌঁছলে আলিম সমর্থিত গ্রুপের ক্যাডাররা রোকেরা হলের সামনে মুহসীন হলের পাইলটকে একা পেয়ে মারধর করে। এই ঘটনায় ক্যাম্পাসে চরম উত্তেজনা বিরাজ করতে। ঘটনার পর বিকালে ছাত্রদল ঢাবি শাখা এক অসুস্থি ২২২ক ঘটনার সঙ্গে সংশ্লিষ্টতার অভিযোগে পাঁচ নেতা-কর্মীকে বহিষ্কার করেছে। পহিষ্কৃতরা হলেন, ঢাবি শাখা ছাত্রদলের সদস্য মোয়াজ্জেম হোসেন লিটন, মুহসীন হলে ছাত্রদল কর্মী পাইলট, জীবন শান্ত এবং জিন্না হলের ছোট সাগর।